‘জিজ্ঞাসাবাদের জন্য ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যানকে দুদকে তলব’

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান ও সিইও লতিফুর রহমানকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুদক।

আজ বৃহস্পতিবার দুদকের উপ-পরিচালক ও অনুসন্ধানকারী কর্মকর্তা নাসির উদ্দিন স্বাক্ষরিত এক নোটিশে আগামী ১৮ অক্টোবর সকাল ১০টায় দুদকের প্রধান কার্যালয়ে তাকে তলব করা হয়েছে।

এ ব্যাপারে লতিফুর রহমানের কাছে জানতে চাইলে তিনি বলেন, ‘আপনাদের ফোন পেয়েই আমি প্রথম জানলাম। এর বাইরে আমার কিছু জানা নেই।’

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণীতে ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমান ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে গ্রুপভুক্ত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের গ্যাস বিল, বিদ্যুৎ বিল ও ভ্যাট ফাঁকি দিয়ে শত শত কোটি টাকা এবং অবৈধ সম্পদ অর্জন, বিভিন্ন দেশে অর্থপাচার এবং অবৈধ উপায়ে সরকারি জমি দখলে রাখার অভিযোগ আনা হয়েছে।

১৮ অক্টোবর সকাল ১০টায় লতিফুর রহমানকে জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের সত্যায়িত কপিসহ দুদক কার্যালয়ে হাজির হতে বলা হয়েছে নোটিশে।

ট্রান্সকম গ্রুপের অন্য প্রতিষ্ঠানগুলো হলো- ট্রান্সকম ফুড লিমিটেড, ট্রান্সকম ইলেকট্রনিক লিমিটেড, ট্রান্সকম কাস্টমার প্রোডাক্টস লিমিটেড, বাংলাদেশ ল্যাম্পস লিমিটেড, মিডিয়া স্টার লিমিটেডের প্রথম আলো ও মিডিয়া ওয়ার্ল্ড লিমিটেডের ডেইলি স্টার, টি হোল্ডিং লিমিটেড, রিলায়েন্স ইন্স্যুরেন্স লিমিটেড, ট্রান্সক্রাফট লিমিটেড, বাংলাদেশ ইলেকট্রিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড প্রমুখ।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮